চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম।

বিজ্ঞপ্তি নং: এ-২(৬)/০৩/২০১৮

তারিখ: ০৭-০৮-২০১৮

-: নিয়োগ বিজ্ঞপ্তি :-

এ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/দপ্তরে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের **(নিয়মিতকরণ)** জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:-

ক্রম.	পদের নাম	বিভাগ/দপ্তরের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল-২০১৫
১	উর্ধতন সহকারী (সহকারী কিউরেটর পদের বিপরীতে) (অস্থায়ী)	চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘর	০১টি	৳ ১১৩০০-২৭৩০০/-
২	উর্ধতন সহকারী (সেকশন অফিসার পদের বিপরীতে) (অস্থায়ী)	ফার্মেসী বিভাগ	০১টি	৳ ১১৩০০-২৭৩০০/-
৩	উচ্চমান সহকারী (স্থায়ী)	রেজিস্ট্রার দপ্তর, ফার্মেসী বিভাগ	০২টি	৳ ১১০০০-২৬৫৯০/-
৪	রিডিংরুম সুপারভাইজার (স্থায়ী)	গ্রন্থাগার দপ্তর	০১টি	৳ ১১০০০-২৬৫৯০/-
৫	ল্যাবরেটরী সহকারী (স্থায়ী)	মাইক্রোবায়োলজি বিভাগ	০১টি	৳ ১১০০০-২৬৫৯০/-
৬	নিম্নমান সহকারী (স্থায়ী)	হিসাব নিয়ামক দপ্তর, রেজিস্ট্রার দপ্তর, পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর, চ.বি প্রেস ও গ্রন্থাগার দপ্তর	০৬টি	৳ ৯৩০০-২২৪৯০/-
৭	নিম্নমান সহকারী (পেটি ক্যাশিয়ার পদের বিপরীতে) (অস্থায়ী)	প্রকৌশল দপ্তর	০১টি	৳ ৯৩০০-২২৪৯০/-
৮	কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম অফিস সহকারী (স্থায়ী)	ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগ, যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর	০৩টি	৳ ৯৩০০-২২৪৯০/-
৯	গ্রন্থাগার সহকারী গ্রেড-২ (স্থায়ী)	গ্রন্থাগার দপ্তর, ফার্মেসী বিভাগ	০৩টি	৳ ৯৩০০-২২৪৯০/-
১০	সহকারী স্টোর কিপার (স্থায়ী)	জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ	০১টি	৳ ৯৩০০-২২৪৯০/-
১১	ওয়ার্ক সুপারভাইজার (সুপারভাইজার পদের বিপরীতে) (অস্থায়ী)	প্রকৌশল দপ্তর	০১টি	৳ ৯৩০০-২২৪৯০/-

পদ সমুহের জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

ক্রমিক-১ ও ২ নং পদের জন্য প্রার্থীগণকে অবশ্যই গ্র্যাজুয়েট হতে হবে এবং কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে অফিসের কাজে ০৭ (সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীগণকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MSExcel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

ক্রমিক-৩ নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই গ্র্যাজুয়েট হতে হবে এবং কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে অফিসের কাজে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (With Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

ক্রমিক-৪ নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই গ্র্যাজুয়েট হতে হবে এবং পাঠকক্ষ তত্ত্বাবধানের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে। গ্রন্থাগারে সকাল/বিকাল উভয় শিফ্‌টে দায়িত্ব পালন করতে হবে এবং এ জন্য বিশ্ববিদ্যালয়ের নিয়মবর্হিভূত অন্যকোন অতিরিক্ত সুবিধাদি প্রযোজ্য হবেনা।

ক্রমিক-৫ নং পদের জন্য প্রার্থীকে জীববিদ্যা ও রসায়নসহ ন্যূনতম বি.এস.সি পাশ হতে হবে। ল্যাবরেটরীতে যন্ত্রপাতি রক্ষণা-বেক্ষণ ও পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MSExcel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

ক্রমিক-৬ ও ৭ নং পদের জন্য প্রার্থীগণকে এইচ.এস.সি পাশ হতে হবে এবং সংশ্লিষ্ট অফিসের কাজে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীগণকে অবশ্যই MS Word (With Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

ক্রমিক-৮ নং পদের জন্য প্রার্থীকে কমপক্ষে এইচ.এস.সি পাশ হতে হবে। বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৪৫ শব্দ টাইপের গতি থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (With Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

ক্রমিক-০৯ নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি পাশ হতে হবে। অফিসের কাজে ০১(এক) বছরের অভিজ্ঞতা অথবা গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (With Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে। গ্রন্থাগারের প্রার্থীকে সকাল/বিকাল উভয় শিফ্‌টে দায়িত্ব পালন করতে হবে এবং এ জন্য বিশ্ববিদ্যালয়ের নিয়মবর্হিভূত অন্যকোন অতিরিক্ত সুবিধাদি প্রযোজ্য হবেনা।

ক্রমিক-১০ নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি পাশ হতে হবে। সংশ্লিষ্ট কাজে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (With Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

ক্রমিক-১১ নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি পাশ হতে হবে। কনস্ট্রাকশন সংক্রান্ত কাজের তদারকিতে ০২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

***মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য নিয়োগের অন্যান্য শর্তাদিপূরণ সাপেক্ষে সরকারী সিদ্ধান্তানুসারে কোটা নির্ধারিত থাকবে।**

রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম হতে দরখাস্তের ফি বাবদ ৳৪০০(চারশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংগ্রহ পূর্বক চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার অফিসের সংশ্লিষ্ট শাখা হতে ০১(এক) কপি নমুনা ফরম সংগ্রহ করে আগামী ২৮-০৮-২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৩.৩০ ঘটিকা) নিম্নস্বাক্ষরকারীর বরাবরে ০৬(ছয়) কপি দরখাস্ত পাঠাতে হবে। ০১(এক) কপি দরখাস্ত গ্রহণ করা হবে না। **কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছানো ঝুঁকিপূর্ণ বলে সরাসরি বা ডাকযোগে দরখাস্ত পাঠানোর জন্য পরামর্শ দেয়া হলো।**

মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে অন্য কোন প্রতিষ্ঠানের এল.পি.সি. (শেষ মূল বেতন সনদ) গ্রহণ করা হবে না।

সাম্প্রতিককালের তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত ছবি এবং সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ এর সত্যায়িত কপি অবশ্যই দরখাস্তের সংগে সংযুক্ত করতে হবে।

কোন বিভাগ/দপ্তরের পদের জন্য আবেদন করছেন তা' অবশ্যই আলাদাভাবে উল্লেখ করতে হবে।

ফি ছাড়া, নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত অথবা উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোনো ব্যাংকের ড্রাফট/পে-অর্ডার গ্রহণ করা হবেনা।

চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭/০৮/১৮

(কে. এম. নুর আহমদ)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম।